*ISO 9001, ISO 14001 &*
*OHSAS 18001 Certified*

সভাপতি, রাজবাড়ী পল্লী বিদ্যুৎ সমিতি

এবং

সচিব
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০১৭ - ৩০ জুন, ২০১৮

# সূচিপত্র

রাজবাড়ী পল্লী বিদ্যুৎ সমিতি এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

উপক্রমণিকা

সেকশন-১ : রাজবাড়ী পল্লী বিদ্যুৎ সমিতি এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্য এবং কার্যাবলি

সেকশন-২ : রাজবাড়ী পল্লী বিদ্যুৎ সমিতি এর কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

## রাজবাড়ী পবিস এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

## (Overview of the Performance of RAJBARI PBS)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা:**

- **সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

রাজবাড়ী জেলার রাজবাড়ী সদর, গোয়ালন্দ, বালিয়াকান্দি, কালুখালী, পাংশা উপজেলা সমন্বয়ে ১১৩৫ বর্গকিঃমিঃ এলাকা নিয়ে রাজবাড়ী পল্লী বিদ্যুৎ সমিতি গঠিত। বর্তমান সরকারের রূপকল্প-২০২১ বাস্তবায়নের অংশ হিসাবে ঘরে ঘরে বিদ্যুৎ পৌঁছে দেওয়ার লক্ষ্যে রাজবাড়ী পবিস নিরলসভাবে কাজ করে যাচ্ছে। গ্রামীন জনগোষ্ঠীর অর্থনৈতিক উন্নয়ন ও জীবনযাত্রার মানোন্নয়ের লক্ষ্যে মে'২০১৭ খ্রিঃ পর্যন্ত ২৬৪০.১৩৯ কিঃ মিঃ বৈদ্যুতিক লাইন নির্মাণ সম্পন্ন করা হয়েছে। মে'২০১৭ খ্রিঃ পর্যন্ত ১,২০,৫১৯ জন গ্রাহককে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়েছে। অত্র পবিসের রাজবাড়ী-১ (সদর) ১০এমভিএ, রাজবাড়ী-২ নিমতলা ০৫ এমভিএ, বালিয়াকান্দি ১০ এমভিএ, কলুখালী ০৫ এমভিএ ও পাংশা-১ (পাংশা) ১০ এমভিএ উপকেন্দ্র নির্মান সম্পন্ন হয়েছে। অত্র পবিসের রাজবাড়ী সদর উপকেন্দ্রের ৩৩ কেভি সোর্স লাইন হতে পাংশা -১ উপকেন্দ্র পর্যন্ত ২১.৯২ কিঃ মিঃ নতুন ৩৩ কেভি লাইন নির্মাণ ও ৩.৪৩ কিঃ মিঃ ৩৩ কেভি লাইন কনর্ভাসনের মাধ্যমে ফরিদপুর গ্রীড হতে পাংশা-১ ও কালুখালী উপকেন্দ্র বিদ্যুতায়ন সম্পন্ন করা হয়েছে। যার ফলে কুষ্টিয়া গ্রীড হতে ওজোপাডিকো ৩৩ কেভি লাইনের ট্যাপিং পরিহার করা সম্ভব হয়েছে। ফলে গত ২০১৫-১৬ অর্থ বছরে অত্র পবিসে সিষ্টেম লস লক্ষ্যমাত্রার মধ্যে আনয়ন সম্ভব হয়েছে। গত অর্থ বছরে বকেয়া মাস ১.২৪ অর্জন করা হয়েছে। উল্লেখ্য যে, চলতি ২০১৬-১৭ অর্থ বছরে সিস্টেস লস্ ও বকেয়া মাস লক্ষ্যমাত্রার মধ্যে রাখার ব্যবস্থা গ্রহন করা হয়েছে। বর্তমানে গোয়ালন্দ উপজেলায় শতভাগ বিদ্যুতায়ন সম্পন্ন হয়েছে এবং আগামী জুন/২০১৮ নাগাদ ০৩টি উপজেলায় শতভাগ বিদ্যুতায়ন সম্পন্ন হবে।

- **সমস্যা এবং চ্যালেঞ্জসমূহঃ**

অত্র পবিসের আওতায় দ্রুত গ্রাহক সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। সেই সাথে গ্রাহকের বিদ্যুতের চাহিদা (ব্যবহৃত লোড) বৃদ্ধি পাচ্ছে। অত্র পবিসের পিক লোড ২৪ মেঃওঃ। চলতি গ্রীষ্মে ও রমজান মাসে জাতীয় গ্রীড হতে গ্রাহকের চাহিদা মোতাবেক বিদ্যুৎ সরবরাহ পাওয়া গেলে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ দেওয়া যাবে। জাতীয় গ্রীড হতে চাহিদা মোতাবেক বিদ্যুৎ সরবরাহ পাওয়া না গেলে গ্রাহক প্রান্তে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ রাখা সমিতির জন্য একটি বড় চ্যালেঞ্জ। তাছাড়া অত্র সমিতির ২৬৪০.১৩৯ কিঃ মিঃ দীর্ঘ বৈদ্যুতিক লাইন রয়েছে। ফলে গাছ-পালাসমৃদ্ধ গ্রামীন এলাকায় দুর্যোগপূর্ণ অবস্থায় বিদ্যুৎ সচল রাখাও সমিতির জন্য একটি চালেঞ্জ। শতভাগ বিদ্যুতায়নের লক্ষ্যে আর্থিকভাবে অস্বচ্ছল অত্র পবিসের পক্ষে পিডিবি, পিজিসিবির বিল ও দৈনন্দিন ব্যয় নির্বাহের পর ট্রান্সফরমার, মিটার ও সার্ভিস ড্রপ নগদ মূল্যে ক্রয় করাও অত্র সমিতির জন্য একটি সমস্যা।

- **ভবিষ্যৎ পরিকল্পনা ঃ**

ঘরে ঘরে বিদ্যুৎ পৌঁছে দেওয়ার লক্ষ্যে রাজবাড়ী পবিস এর আওতাধীন রাজবাড়ী সদর, কালুখালী ও পাংশা উপজেলা আগামী জুন/২০১৮ এর মধ্যে এবং বালিয়াকান্দি উপজেলা আগামী ডিসেম্বর/২০১৮ এর মধ্যে শতভাগ বিদ্যুতায়ন করা হবে। গ্রাহকগনের চাহিদা পূরনের লক্ষ্যে রাজবাড়ী-২ (নিমতলা) উপকেন্দ্র ০৫ এমভিএ হতে ১০ এমভিএ উন্নীতকরণসহ পাংশা -২ (ইআরআডিএস) ১০ এমভিএ, ১০ এমভিএ, কোলা (১.৫ এমসিসিপি) ১০ এমভিএ গোয়ালন্দ (ডিডিপি-২) ১০ এমভিএ ও পাংশা -৩ (ডিডিপি-২) ১০ এমভিএ উপকেন্দ্র নির্মাণ করা হবে। ফরিদপুর গ্রীডের বিদ্যমান রাজবাড়ী পবিস ৩৩ কেভি ফিডারের নিমতলা মোড় হতে নির্মিতব্য গোয়ালন্দ উপকেন্দ্র পর্যন্ত ১০ কিঃ মিঃ এবং পাংশা-১ উপকেন্দ্র হতে পাংশা -৩ (যশাই) উপকেন্দ্র পর্যন্ত ৯ কিঃ মিঃ ৩৩ কেভি লাইন নির্মানের কার্যাদেশ প্রক্রিয়াধীন রয়েছে। ক্রমবর্ধমান গ্রাহকের চাহিদা পূরণ ও নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সেবা প্রদানের লক্ষ্যে রাজবাড়ী জেলার রাজবাড়ী সদর উপজেলায় (পবিস সদর দপ্তর ভবনের সন্নিকেটে) পিজিসিবি কর্তৃক একটি গ্রীড নির্মাণ করা হবে। উক্ত গ্রীড উপকেন্দ্র নির্মান ও বিদ্যুতায়নের পর উক্ত গ্রীড হতে বিদ্যুৎ গ্রহনের মাধ্যমে অত্র সমিতির সিষ্টেম লস সিঙ্গেল ডিজিটে আনয়ন সম্ভব হবে। পাশাপাশি বকেয়া মাস ১.০০ অর্জনের পদক্ষেপ গ্রহন এবং পর্যায়ক্রমে গ্রাহক প্রান্তে ১৬,২০০টি প্রি-পেইড মিটার স্থাপন করা হবে।

**২০১৭-১৮ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

০১। অত্র পবিসের আওতাধীন ০৪টি উপজেলায় শতভাগ বিদ্যুতায়ন সম্পন্ন করা।
০২। ০৪ টি ৩৩/১১ কেভি বিদ্যুৎ উপকেন্দ্র নির্মান।
০৩। পবিসের আর্থিক সক্ষমতা বৃদ্ধি।
০৪। বকেয়া মাস ১.০৮ অর্জন করা।

## উপক্রমণিকা (Preamble)

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড ও এর আওতাধীন পবিসসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে *রাজবাড়ী পল্লী বিদ্যুৎ সমিতি* কে প্রদত্ত বার্ষিক কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে

সভাপতি, রাজবাড়ী পল্লী বিদ্যুৎ সমিতি

এবং

সচিব
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

এর মধ্যে ২০১৭ সালের জুন মাসের ১৫ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেনঃ

## সেকশন ১:

### রাজবাড়ী পবিস এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision): রাজবাড়ী পবিস এর আওতাধীন সকল জনগনকে গুনগতমানের বিদ্যুৎ সরবরাহ করা।

১.২ অভিলক্ষ্য (Mission): ডিসেম্বর/২০১৮ সালের মধ্যে অত্র পবিসের আওতাধীন সমগ্র জনগোষ্ঠিকে (প্রতিটি ঘরে) বিদ্যুৎ সুবিধা পৌঁছে দেওয়া।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

০১। বিদ্যুৎ বিতরন খাতের উন্নয়ন।
০২। নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সেবা প্রদান।
০৩। বিদ্যুৎ সুবিধাপ্রাপ্ত জনগোষ্ঠি বৃদ্ধি।
০৪। আর্থিক সক্ষমতা অর্জন।

### ১.৩.১ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহঃ

০১। দক্ষতার সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা।
০২। কর্মপদ্ধতি ও সেবার মানোন্নয়ন।
০৩। দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন।
০৪। কর্ম পরিবেশ উন্নয়ন।
০৫। তথ্য অধিকার ও স্বপ্রনোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা।
০৬। আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন।

### ১.৪ কার্যাবলি (Functions):

০১। বিদ্যুতের ক্রমবর্ধমান চাহিদা পূরণের লক্ষ্যে পরিকল্পিতভাবে বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা সম্প্রসারনের মাধ্যমে অত্র পবিসের আওতাধীন সকল জনগোষ্ঠীকে বিদ্যুৎ সেবার আওতায় আনয়ন।
০২। কারিগরী উন্নয়নের মাধ্যমে সিস্টেম লস হ্রাসকরন।
০৩। বিদ্যুৎ ব্যবহারে গ্রাহকগনকে মিতব্যয়ী করা এবং উৎপাদনমুখী কাজে বিদ্যুৎ ব্যবহারে উদ্বুদ্ধকরণ।
০৪। অত্র পবিসের এলাকায় শতভাগ বিদ্যুতায়নের মাধ্যমে গ্রামের মানুষের জীবনযাত্রার মানোন্নয়ন।
০৫। পবিসের আয় বৃদ্ধি ও ব্যয় সংকোচনের ব্যবস্থা করা।
০৬। নতুন গ্রাহক সংযোগ সহজীকরন
০৭। বৈদ্যুতিক লাইন নিয়মিত রক্ষনাবেক্ষন ও মেরামত করা।
০৮। নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য পথস্বত্ত্ব মুক্তকরণ।
০৯। গ্রাহকের অভিযোগ দ্রুততম সময়ের মধ্যে নিরসন করা।
১০। বকেয়া আদায় করা এবং আর্থিক সক্ষমতা বৃদ্ধি করা।
১১। সর্বক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরনের মাধ্যমে সুষ্ঠ কর্মপরিবেশ ও সুশাসন প্রতিষ্ঠা।
১২। সকল ক্ষেত্রে শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন।
১৩। ডিজিটালাইজেশন ও অটোমেশনের মাধ্যমে উত্তম সেবা নিশ্চিত করন।

সেকশন-২

## কৌশলগত উদ্দেশ্য,অগ্রাধিকার,কাযক্রম,কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

## রাজবাড়ী পবিস

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of strategic objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-১৮ (Target /Criteria Value for FY 2017-18) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৮-১৯ | প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৫-১৬ | ২০১৬-১৭* ডিসেম্বর'১৬ পর্যন্ত | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| | | | 1. System Loss (Grid Meter) [ % ] (w/o resale) | % | ২৮ | ১২.৭৯% | ১৩.০৪% | ১১.৫০% | | | | | | |
| | | | 2. Accounts Receivable (Months) (without GOB rebate & resale) | Month | ১৪ | ১.২৪ | ১.৩৩ | ১.০৮ | | | | | | |
| | | | 3. Collection Bill(CB) Ratio (%) (without GOB rebate & resale) | % | ১ | ৯৮.২১% | ৯৬.৯২% | ৯৯.০০% | | | | | | |
| | | | 4. Collection Import (CI) Ratio (%) (w/o rebate & resale) | % | ১ | ৮৫.৬৬% | ৮৪.২৮% | ৮৭.৬২% | | | | | | |
| | | | 5. Recovery of amounts written=off | % | ১ | ৭.৮৯% | ০.০০% | ৫.০০% | | | | | | |
| | | | 6. Payment of debt service liability (Tk' 000) | Tk | ৭ | ৪০,০০০ | ৩০,০০০ | ৮০,০০০ | | | | | | |
| | | | 7. O & M EXP. (EX. PC , Depre. Int. & Pro. Uncoll. AMT.)(TK) / Kwh Sold (w/o resale) | Tk | ২ | ১.৮৩ | ১.৬২ | ১.৯০ | | | | | | |
| | | | 8. Rev. / KM of Line w/o resale (TK)' 000 | Tk | ১ | ১৭৪ | ৮৬.০০ | ১৯২ | | | | | | |
| | | | 9.Ratio of inspection & maintenance of Distri. line against Ener. line (KM) | % | ১ | ৩৩.৮৯% | ১১.৪২% | ২৫.০০% | | | | | | |
| | | | 10. Ratio of Damaged & repairable Transformer (no.) against total installed Transformer (no.) | % | ১ | ৬.৬৪% | ৩.০৫% | ৪.০০% | | | | | | |

| | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | 11.Percentage of Damaged Transformer repaired | % | ১ | ১০০% | ১০০% | ১০০% | | | | | | |
| | | | 12. Ratio of connected consumer (over 90 days) against service in place – (Except irrigation) | % | ২ | ০.৬৭% | ৩.৬৩% | ৩.০০% | | | | | | |
| | | | 13. Store Management Performance: | | | | | | | | | | | |
| | | | a. Physical inventory of all Stores under PBS (2016-17) | % | ১ | ১০০% | ১০০% | ১০০% | | | | | | |
| | | | b. Timely Closeout of Mini & Force Work Order | % | ১ | ৮০% | ৮০% | ৮০% | | | | | | |
| | | | 14. Maintenance and Up-gradation of equipment record card (ERC) | % | ২ | ১০০% | ১০০% | ১০০% | | | | | | |
| | | | 15.Improvement of Power Factor | | ১ | ০.৯৪ | ০.৯৭ | ০.৯২ | | | | | | |
| | | | 16. Action on Meter Report | % | ১ | ১০০% | ১৬৪৭ | ১০০% | | | | | | |
| | | | 17. Average Training hour per Employee (Hours) | Hour | ২ | ১০৩ | ৭৩ | ৭৫ | | | | | | |
| | | | 18. Implementation of Annual Development Program (Issuance of | % | ১ | ১১৭% | ১২৪% | ১০০% | | | | | | |
| | | | 19. Timeliness to attend Consumer's complain | % | ১ | ১০০% | ১০০% | ১০০% | | | | | | |
| | | | 20. System Average Interruption Duration Index (SAIDI) | Minute | ২ | ১৬ | ১৮ | ১৫০০ | | | | | | |
| | | | 21. System Average Interruption Frequency Index (SAIFI) | Times | ২ | ০.১৫ | ০.১৮ | ৭৮ | | | | | | |
| | | | 22.% of overloaded Transformer | % | ২ | ১০০% | ১০০% | ০.৫০% | | | | | | |
| | | | 23.% of New Connected Consumers | % | ৩ | ১০০% | ৬৮% | ১০০% | | | | | | |
| | | | 24.Accounts Payable | Month | ১ | | ১.০০ | ১.০০ | | | | | | |

(মোঃ কামরুল ইসলাম গোলদার)
জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)
রাজবাড়ী পবিস

(আশীষ কুমার বর্দ্ধন)
সভাপতি
সমিতি বোর্ড, রাজবাড়ী পবিস

## মাঠ পর্যায়ের কার্যালয়ের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ
## (মোট নম্বর-২০)

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যে ও মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান-২০১৭-১৮ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| দক্ষতার সংগে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | ৪. | ২০১৭-১৮ অর্থ বছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি মন্ত্রণালয়/বিভাগে দাখিলকৃত | তারিখ | ১ | ১৭ এপ্রিল | ১৯ এপ্রিল | ২০ এপ্রিল | ২৩ এপ্রিল | ২৫ এপ্রিল |
| | | ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৪ | - | - | - |
| | | ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল | নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ১৫ জানুয়ারী | ১৬ জানুয়ারী | ১৭ জানুয়ারী | ১৮ জানুয়ারী | ২১ জানুয়ারী |
| | | ২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদ চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | বর্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ১৩ জুলাই | ১৬ জুলাই | ১৮ জুলাই | ২০ জুলাই | ২৩ জুলাই |
| কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোনয়ন | ১ | মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের কমপক্ষে একটি অনলাইন সেবা চুল করা | অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারী | ২৮ ফেব্রুয়ারী | - | - |
| | | দপ্তর/সংস্থার কমপক্ষে ১টি সেবা প্রক্রিয়া সহজীকৃত | সেবাপ্রক্রিয়া সহজীকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারী | ২৮ ফেব্রুয়ারী | ২৫ মার্চ | - |
| | | উদ্ভাবনী উদ্যেগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (এসআইপি) বাস্তবায়ন | উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়িত | তারিখ | ১ | ৪ জানুয়ারী | ১১ জানুয়ারী | ১৮ জানুয়ারী | ২৫ জানুয়ারী | ৩১ জানুয়ারী |
| | | | এসআইপি বাস্তবায়িত | % | ১ | ২৫ | - | - | - | - |
| | | পিআরএস শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়ন যুগপৎ জারি নিশ্চিতকরণ | সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়ন পত্র যুগপৎ জারীকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | সিটিজেন চার্টার অনুযায়ী সেবা প্রদান | প্রকাশিত সিটিজেনস চার্টার অনুযায়ী সেবা প্রদানকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নিস্পত্তিকৃত অভিযোগ | % | ১ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | - |
| | | সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদেও জন্য টয়লেটসহ অপেক্ষাগার (Waiting room) এর ব্যবস্থা করা | নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদেও জন্য টয়লেটসহ অপেক্ষাগার চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারী | ২৮ ফেব্রুয়ারী | - | - |
| | | সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা | সেবাগ্রহীতাদেও মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারী | ২৮ ফেব্রুয়ারী | - | - |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যে ও মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান-২০১৭-১৮ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ৪ | সরকারী কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/ কর্মচারীগণের জন্য প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণের সময় | জনঘন্টা | ২ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন। | ২০১৭-১৮ অর্থ বছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত | তারিখ | ১ | ১৬ জুলাই | ৩১ জুলাই | | | |
| | | | নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | | | |
| তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ | ১ | তথ্য বাস্তবায়ন হালনাগাদকরণ | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ৫ | ৮০ | ৭০ | ৬০ | | |
| | | স্বপ্রণোদিত তথ্য প্রকাশিত | স্বপ্রণোদিত তথ্য প্রকাশিত | % | ৫ | ১০০ | ৯০ | ৮৫ | ৮০ | ৭৫ |
| আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ২ | অডিট আপত্তি নিস্পত্তি কার্যক্রমের উন্নয়ন | অডিট আপত্তি নিস্পত্তিকৃত | % | ২ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |

আমি সভাপতি, রাজবাড়ী পল্লী বিদ্যুৎ সমিতি, সচিব, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড - এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি সচিব, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সভাপতি, রাজবাড়ী পল্লী বিদ্যুৎ সমিতি - এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষী: স্বাক্ষরিত:

তারিখঃ-১৫/০৬/২০১৭ খ্রিঃ।

১৫/৬/২০১৭

জেনারেল ম্যানেজার
রাজবাড়ী পল্লী বিদ্যুৎ সমিতি
মোঃ কামরুল ইসলাম গোলদার
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)
রাজবাড়ী পল্লী বিদ্যুৎ সমিতি।

১৫/৬/১৭

সভাপতি
রাজবাড়ী পল্লী বিদ্যুৎ সমিতি।
সভাপতি
সমিতি বোর্ড
রাজবাড়ী পল্লী বিদ্যুৎ সমিতি

পরিচালক, পবিস ব্যাবস্থাপনা ও পরিচালন
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
(মোঃ ওমর ফারুক ভূইয়া)
পরিচালক
পবিস ব্যাঃ পঃ পরিদপ্তর (দঃ)

১৫/৬/১৭

সচিব
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
(হাসিনা বেগম)
উপ-সচিব (বোর্ড)।
সচিব (অঃ দাঃ), বাপাবিবোর্ড